

## প্রেস রিলিজ

### সংস্থার চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের জিপিইউএফপি'র প্রকল্প এলাকা পরিদর্শন

গত ১২/০১/২০২৩ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের সদ্য যোগদানকৃত চেয়ারম্যান (গ্রেড-১) জনাব মো: সাইদুর রহমান ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প এলাকা পরিদর্শন করেন। প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মো: রাজিউর রহমান মল্লিক চেয়ারম্যান মহোদয়কে ফুল দিয়ে অভ্যর্থনা জানান। চেয়ারম্যান মহোদয় প্রকল্পের সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং প্রকল্প পরিচালকসহ প্রকল্পে কর্মরত অন্যান্য কর্মকর্তাদেরকে ধন্যবাদ জানান। পরিদর্শনকালে বিসিআইসি'র পরিচালক (পরি. ও বাস্তু.) ড. মো: জাকির হোসেন আখন্দ উপস্থিত ছিলেন। চেয়ারম্যান মহোদয় প্রকল্পের অগ্রগতি বিষয়ে বিস্তারিত খোজ খবর নেন। প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মো: রাজিউর রহমান মল্লিক অবগত করেন যে, বর্তমানে প্রকল্পের LSTK অংশের অগ্রগতি প্রায় ৮৮%। প্রকল্প পরিদর্শন শেষে চেয়ারম্যান মহোদয় প্রকল্পের সার্বিক বিষয় নিয়ে এক মত বিনিময় সভায় মিলিত হন এবং যথাসময়ে প্রকল্পটি শেষ করার জন্য বিভিন্ন দিক নির্দেশান প্রদান করেন।









